বাংলাদেশ প্রতিদিন

তারিখ 27 MAY 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

# তিন বিভাগে শিক্ষা কার্যক্রম বন্ধ অফিস করছেন না উপাচার্য

জাবি প্রতিনিধি

ফের অস্থিতিশীল হয়ে পড়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনে গতকাল ষষ্ঠ দিনের মতো বন্ধ ছিল প্রশাসনিক কার্যক্রম। এ ছাড়া ছয় দিন ধরে অফিস করছেন না উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম। পাশাপাশি শিক্ষক রাজনীতির ফলে বন্ধ রয়েছে তিন বিভাগের শিক্ষা কার্যক্রম। দফায় দফায় আলোচনা করেও সমাধান দিতে পারছে না বিশ্ববিদ্যালয় প্রশাসন। এদিকে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গতকাল ছাত্রলীগের দুই গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় এক সাংবাদিকের ওপর হামলার ঘটনা ঘটে।

## ছাত্রলীগের দুই গ্রুপে পাল্টাপাল্টি ধাওয়া

জানা যায়, সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ১৪ মে নতুন বিজ্ঞান ভবনের তৃতীয় তলায় শিক্ষা কার্যক্রম শুরু করে পরিবেশ বিজ্ঞান বিভাগ। এর প্রতিবাদে ওইদিন থেকে ভূতাত্ত্বিক বিজ্ঞান ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের (সিএসই) শিক্ষক-শিক্ষার্থীরা অনির্দিষ্টকালের জন্য শিক্ষা কার্যক্রম বন্ধ ঘোষণা করে আন্দোলন শুরু করেন। ভবন নিয়ে সংকট নিরসনের দাবিতে বুধবার থেকে প্রশাসনিক ভবন অবরোধ করে রেখেছেন ওই দুই বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

গত রাতে সিন্ডিকেডের সভায় এক ঘণ্টার মধ্যে ভবন খালি করার নির্দেশ দিয়েছে।